

সভাপতি	ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (সিপি)
সভার তারিখ	২৪-১০-২০২১
সভার সময়	বিকাল ৩.০০ টা
স্থান	যুগ্মসচিব (সিপি) মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-০৪, ভবন নং-০৭)
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

০২। সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করে বলেন যে, ই-গভর্ন্যান্স প্রয়োগ ও ইনোভেশনের মাধ্যমে সেবা প্রদানের বিদ্যমান কাঠামো পরিবর্তন অথবা নতুন কাঠামো, পদ্ধতি ও কৌশল প্রবর্তন করা সম্ভব। উদ্ভাবনী ধারণা ব্যবহার করে বিদ্যমান পদ্ধতির সমস্যাসমূহ চিহ্নিত করে সমাধানের মাধ্যমে ব্যবস্থাপনার উন্নয়ন করাও সম্ভব। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করার হলে তা মন্ত্রণালয়ের সেবা সহজীকরণ ও সেবার মান বৃদ্ধিতে সহায়ক হবে।


০৩। সভাপতির অনুরোধক্রমে উপসচিব সিপি-৩ সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
০১	South-South Traiangular Cooperation (SSTC) কার্যক্রমের আওতায় মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার স্বঅডিও/ভিডিও/প্রকাশনা, উদ্ভাবনীমূলক উত্তম চর্চা ও ভিডিওর তথ্য সংগ্রহ	এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ থেকে আলোচ্য বিষয়ে তথ্য চাওয়া হয়েছে। সে বিষয় অনুসারে আওতাধীন দপ্তর/সংস্থা থেকে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহপূর্বক প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা থেকে তথ্য সংগ্রহের জন্য পত্র প্রেরণ করতে হবে।

(Handwritten signature)

০২	ইনোভেশন ধারণা বাস্তবায়নের উদ্দেশ্যে বাছাই	গত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল অনুবিভাগ থেকে ইনোভেশন ধারণার প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। অতিরিক্ত সচিবের দপ্তর, সওব্য, বাবাকো, আইন এবং বিধি অনুবিভাগ থেকে পত্র পাওয়া গেছে। তবে, এপিডি, প্রশাসন, শৃঙ্খলা ও তদন্ত এবং সিপিটি অনুবিভাগ থেকে কোন ধারণার প্রস্তাব করেনি। সওব্যর প্রস্তাবটি পর্যালোচনায় দেখা যায় যে, এটি বাস্তবায়ন সময়সাপেক্ষ। কম সময়ে বাস্তবায়ন সম্ভব এ রকম ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। বাবাকো কর্তৃক প্রস্তাবিত ধারণাটি সেবা ডিজিটালকরণ সংশ্লিষ্ট। বাস্তবায়নযোগ্য ইনোভেশন ধারণা সংগ্রহ করার লক্ষ্যে কর্মশালা আয়োজনের বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন।	উদ্ভাবন ধারণা বাছাইয়ের লক্ষ্যে সকল অনুবিভাগের প্রতিনিধির সমন্বয়ে উদ্ভাবন বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে।
০৩	সেবা সহজীকরণের লক্ষ্যে সেবা বাছাই।	সেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবন ধারণা বাছাই সংক্রান্ত কর্মশালার ফলাফল থেকে পরবর্তী কার্যক্রম নেয়া সহজ হবে। এছাড়া অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখার একটি সেবা সহজীকরণ করা হয়েছে মর্মে জানা গেছে।	অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা থেকে তথ্য প্রমাণক সংগ্রহ করতে হবে।

০৬। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২১/১০/২১

ডঃ আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (সিপি)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.০০০.৯৯.০০১.১৭.১১৬

তারিখ: ২৬ কার্তিক ১৪২৮

১১ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) উপসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) উপসচিব, শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) উপসচিব, প্রশেণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) উপসচিব, আইন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) সাইট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, সিপি অধিশাখা, (যুগ্মসচিব (সিপি) মহোদয়ের সদয় অবগতির জন্য) জনপ্রশাসন মন্ত্রণালয়


২১/১০/২১